

MODEL QUESTION

Class - XII : BUSINESS STUDIES : Pre-Board/Board Final Exam. : 2022-23 : Marks - 80

I. সঠিক উত্তরটি নির্বাচন করো :-

1x10=10

1. ব্যবস্থাপনা হল বহুমুখী কারণ এটির ——— দিক বর্তমান।
(ক) একটি (খ) দুইটি
(গ) তিনটি (ঘ) সাতটি
2. প্রশাসনিক নীতির প্রবক্তা হলেন –
(ক) এফ.ডব্লিউ. টেলর (খ) হেনরি ফেওল
(গ) আব্রাহাম ম্যাসলো (ঘ) ম্যাক্স ওয়েবার
3. নিম্নের কোনটি সামাজিক পরিবেশের উদাহরণ ?
(ক) অর্থনীতিতে টাকার সরবরাহ (খ) ভোক্তা প্রতিরক্ষা আইন
(গ) দেশের সংবিধান (ঘ) পরিবারের গঠন
4. কেন্টি ব্যবস্থাপনার প্রাথমিক কাজ ?
(ক) নিয়ন্ত্রণ (খ) সংগঠন
(গ) পরিকল্পনা (ঘ) কর্মীনিয়োগ
5. দায়িত্ব উদ্ভূত হয় –
(ক) কর্তৃত্ব থেকে (খ) বিধিবদ্ধ অবস্থান থেকে
(গ) দায়বদ্ধতা থেকে (ঘ) উপরের সবগুলো
6. নিম্নের কোনটি নিযুক্তিকরণের আভ্যন্তরীণ উৎস –
(ক) ক্যাম্পাস নিয়োগ (খ) পদোন্নতি
(গ) আকস্মিক আগন্তুক (ঘ) বিজ্ঞাপন
7. ——— হল একটি শ্রম্ভার চাহিদা –
(ক) স্বীকৃতি (খ) স্ব-পরিপূর্ণতা
(গ) ক্ষুধা (ঘ) পেনশন
8. মূলধন কাঠামো বলতে বোঝায় –
(ক) দেনাদার-পাওনাদার অনুপাত (খ) স্থায়ী ও চলতি সম্পত্তির অনুপাত
(গ) দেনা-মালিকানা অনুপাত (ঘ) সুদ নিরাপত্তা অনুপাত
9. NSE কোন্ সাল থেকে ফিউচার ট্রেডিং শুরু করে –
(ক) 1999 (খ) 2000
(গ) 2001 (ঘ) 2004
10. বিপণন হল একটি –
(ক) একটি বিজ্ঞান (খ) বিজ্ঞান ও কলার মিশ্রণ
(গ) একটি কলা (ঘ) এগুলোর কোনোটিই নয়

[Contd...P/2]

II. এক শব্দে/বাক্যে উত্তর দাও :-

1x20=20

11. মধ্যস্তরীয় ব্যবস্থাপনার দুটি পদবীর নাম লিখ।
12. সমন্বয় কী ?
13. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার যে কোনো দুটি নীতির নাম লিখ।
14. ব্যবস্থাপনার নীতি বলতে কী বোঝ ?
15. বিমুদ্রাকরণ ভারতে কোন্ সালে কার্যকরী হয় ?
16. কারবারি পরিবেশের দুটি দিক-এর নাম লিখ।
17. পরিকল্পনা প্রক্রিয়ার সর্বপ্রথম ধাপ কোনটি ?
18. কর্তৃত্ব অর্পণের উপাদানগুলোর নাম লিখ।
19. কোন পরিস্থিতিতে কার্যকরী সাংগঠনিক কাঠামো উপযুক্ত বলে বিবেচিত হবে ?
20. প্রশিক্ষণের সংজ্ঞা দাও।
21. আর্থিক পারিতোষিকের দুটি উদাহরণ দাও।
22. নিয়ন্ত্রণের একটি সীমাবদ্ধতা লিখ।
23. ব্যবস্থাপনা সংক্রান্ত নিয়ন্ত্রণের কৌশলগুলোকে কয়টি শ্রেণীতে ভাগ করা যায় ও কী কী ?
24. আর্থিক ঝুঁকি কী ?
25. মূলধন কাঠামো বলতে কী বোঝ ?
26. ট্রেজারি বিল কী ?
27. CSDL-এর পুরো নাম লিখ।
28. সহজলভ্য পণ্যের দুটি উদাহরণ দাও।
29. ভোক্তা বা ক্রেতা কে ?
30. ভোক্তা বা ক্রেতা সুরক্ষার একটি গুরুত্ব লিখ।

III. অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :-

2x5=10

31. সমন্বয় কীভাবে দলগত প্রচেষ্টাকে একত্রীভূত করে ?
32. ব্যবস্থাপনার নীতিসমূহ কেন সার্বজনীন ?
33. নেতৃত্বের দুটি বৈশিষ্ট্য লিখ।
34. আর্থিক পরিকল্পনার দুটি উদ্দেশ্য লিখ।
35. পণ্য বা সেবার মূল্য নির্ধারণে কোন্ কোন্ কারণগুলো প্রভাবিত করে ?

IV. সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :-

3x2=6

36. বর্তমান কারবারি পরিবেশে কর্মী নিয়োগ কার্যাবলীর গুরুত্ব আলোচনা করো।
37. একজন ভোক্তার অধিকারসমূহ বর্ণনা কর।

V. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

4x6=24

38. কারবারি পরিবেশের বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর।
39. 'পরিকল্পনা পথনির্দেশক' এবং 'পরিকল্পনা উদ্ভাবনী চিন্তাধারার উন্মেষণ ঘটায়' – ব্যাখ্যা করো।

40. যোগাযোগ বলতে কী বোঝ ? যোগাযোগকে কেন ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ অংশ বলা হয় তা ব্যাখ্যা কর।
41. একটি ভাল নিয়ন্ত্রণ পদ্ধতি সংগঠনকে কিভাবে সাহায্য করে তা ব্যাখ্যা কর।
42. মূলধনী বাজেট সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে প্রভাবকারী বিষয় সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।
43. NSE-এর উদ্দেশ্যসমূহ লিখ।

VI. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

5x2=10

44. বিধিবদ্ধ সংগঠনের সুবিধা ও অসুবিধাসমূহ আলোচনা কর।

অথবা,

ব্যবস্থাপনার বিভিন্ন স্তরের কার্যাবলী ব্যাখ্যা কর।

45. পণ্য মিশ্রণ বলতে কী বোঝ ? সংক্ষেপে পণ্য মিশ্রণের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ কর।

অথবা,

আর্থিক বাজারের বিভিন্ন কার্যাবলী আলোচনা কর।
